

নং: ৩৭.০৪.২৬৬৩.১০১.২৫.০০১.১৯-১৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৮ বঃ  
১৯ আগস্ট ২০২১ খ্রিঃ

**বিষয়: 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কলেজ পর্যায়ের শিক্ষক মনোনয়ন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ভাদ্র - ০৫ আশ্বিন ১৪২৮ বঃ/ ০৭ - ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত কলেজ পর্যায়ের শিক্ষকগণের জন্য আয়োজিত ৬ষ্ঠ 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্স স্বাভাবিকভাবে মেনে নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর প্রতিষ্ঠান থেকে ১(এক)জন প্রভাষক/সহকারি অধ্যাপক পদমর্যাদার শিক্ষক-কে (ডিজিটাল কনটেন্ট প্রস্তুতিতে আগ্রহী) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। মনোনীত শিক্ষককে আগামী ০৭/০৯/২০২১ তারিখ সকাল ৯.০০টায় নায়েমে উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নীচতলায় ওয়ানস্টপ সার্ভিসে অবস্থান করবেন)। এছাড়া নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. আমন্ত্রণপত্র ও প্রতিষ্ঠানের তালিকা নায়েম ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়াও আমন্ত্রণপত্র ডাক মারফত পাঠানো হবে।
২. মনোনীত শিক্ষকের বর্তমান পেশায় চাকুরিকাল নূন্যতম ০২(দুই) বছর হতে হবে এবং কোর্সে অংশগ্রহণের জন্য ইনডেম্ফারী ও কোভিড-১৯ ভ্যাকসিন সম্পন্নকারী হতে হবে।
৩. সরকারি কলেজ শিক্ষকের ক্ষেত্রে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (FTC) সমাপ্তকারী হতে হবে।
৪. যিনি বিগত ০১(এক) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়েছেন তিনি কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
৫. প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd) -এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে চাইলে জনাব মোঃ ফখরুল ইসলাম, কোর্স সমন্বয়ক, মোবাইল-০১৮১৬৬০৬৩৪৩ এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৭. নায়েম হোস্টেলে আবাসনের ব্যবস্থা করা হবে (হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক)।
৮. মনোনীত শিক্ষকগণকে পাসপোর্ট সাইজের এক কপি ছবি, কোভিড-১৯ ভ্যাকসিন টিকা সনদ, কোর্সে অংশগ্রহণের সম্মতিপত্র, এমপিও শীট, মাস্ক, হ্যান্ডসেনিটাইজার এবং ১০ টাকা মূল্যমানের ০২টি রেডিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৯. প্রতিষ্ঠানের প্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য (যদি থাকে) অনুরোধ করা হলো।
১০. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাণ্ডা, খাওয়া ও শিক্ষা সফর খরচ) সংকুলানের জন্য জনপ্রতি আনুমানিক ১২,০০০/- (বার হাজার) টাকাসহ নিজ প্রয়োজনমত অন্যান্য আনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার বিল এ অফিসে পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, হিসাব সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
১১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)

পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

ফোন: ০২-৫৫১৬৭৫৩০, mail: info@naem.gov.bd

প্রাপক: -----

নং: ৩৭.০৪.২৬৬৩.১০১.২৫.০০১.১৯-১৭

০৪ ভাদ্র ১৪২৮ বঃ  
১৯ আগস্ট ২০২১ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৫. হোস্টেল সুপারিনটেনডেন্ট, মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, নায়েম (আমন্ত্রণ পত্র ও মনোনীত প্রতিষ্ঠানের তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।

(এ কে এম শাহ আলম)

প্রোগ্রামার, আইসিটি সেল ও

কোর্স সমন্বয়ক, ফোন: ০২-৫৫১৬৭৫৪০ (অঃ)